০৯/০৩/২০১৫ তারিখে বিকাল ০৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত সোনার বাংলা গড়ার প্রত্যয়:
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সভার কার্যবিবরণী

০৯/০৩/২০১৫ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় সচিব,পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভাপতিত্বে সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' তে সন্নিবেশিত করা হলো।

২। আলোচনা ও সিদ্ধান্তঃ

সচিব মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এ বিভাগের উপ-সচিব (প্রশাসন) জাতীয় শুদ্ধাচার কৌশলের ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন।

বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

ক) জাতীয় শুদ্ধাচার কৌশলের ছক মোতাবেক বিষয়াবলি যথাযথভাবে এ বিভাগের সকল শাখা/অধিশাখাকে অনুসরণ করতে হবে।

খ) সংশ্লিষ্ট ছক মোতাবেক দপ্তর/সংস্থাসমূহকে তাদের নিজস্ব কর্ম পরিকল্পনা তৈরী ও সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ) অগ্রগতি পর্যালোচনার জন্য মন্ত্রণালয় ও দপ্তর সংস্থায় প্রতি ৩ মাস অন্তর অন্তর নৈতিকতা কমিটির সভা আহবান করতে হবে।

ঘ) এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের কর্ম পরিকল্পনা ছক অবিলম্বে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

ঙ) এ বিভাগের দপ্তর/সংস্থাসমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের তথ্য যথাসময়ে এ বিভাগে প্রেরণ করবেন।

৩। অতঃপর সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৯/০৩/২০১৫

এম এ কাদের সরকার
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

## পরিশিষ্ট 'ক'

## শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা, ~~২০১৫~~ (জানুয়ারি, ২০১৫ - জুন, ২০১৬ পর্যন্ত)

| পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | | অনুমোদনকারী কর্তৃপক্ষঃ নৈতিকতা কমিটি<br>তারিখঃ ০৯/০৩/২০১৫ খ্রিঃ | | | |
|---|---|---|---|---|---|
| কার্যসমূহ | সময়সীমা | সূচক | | | দায়িত্ব |
| | | ডিসেম্বর,২০১৪ পর্যন্ত অর্জন | লক্ষ্য | পরিমাপের একক | |
| **১. সাংগঠনিক ব্যবস্থাপনা** | | | | | |
| ১.১. নৈতিকতা কমিটি গঠন | ২২ মে,২০১৩ তারিখ গঠিত | - | - | গঠিত | মন্ত্রণালয় প্রধান, সচিব |
| ১.২.নৈতিকতা কমিটির নিয়মিত সভা আয়োজন | তিন মাস অন্তর | ১ | ৬ | সভা/ বছর | নৈতিকতা কমিটি |
| ১.৩.শুদ্ধাচার ও সুশাসনের সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানে আলোচনা অনুষ্ঠান | তিন মাস অন্তর | ১ | ৬ | সভা/ বছর | নৈতিকতা কমিটি |
| ১.৪. সংস্থা পর্যায়ে নৈতিকতা কমিটি গঠন ও নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন | গঠিত ও কর্মপরিকল্পনা প্রণীত | - | - | গঠিত ও প্রণীত | স্ব স্ব প্রতিষ্ঠান |
| ১.৫.শুদ্ধাচার ফোকাল পয়েন্ট নিয়োগ | জুলাই, ২০১৩ | - | - | - | নৈতিকতা কমিটি |
| ১.৬.ফোকাল পয়েন্ট -এর দায়িত্ব কর্তব্য নির্ধারণ ও কর্মবন্টনে অন্তর্ভুক্তকরণ | জুন, ২০১৫ | - | - | নির্ধারণ ও অর্ন্তভুক্তি | নৈতিকতা কমিটি ও প্রশাসন অনুবিভাগ |
| **২. সচেতনতা বৃদ্ধি** | | | | | |
| ২.১. শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান | জুন, ২০১৬ | - | ৫০ | প্রশিক্ষণার্থী সংখ্যা | মন্ত্রণালয়/ সংস্থা |
| ২.২. ট্রেনিং কোর্স কারিক্যুলামে 'শুদ্ধাচার' অর্ন্তভুক্তকরণ | জুন, ২০১৫ | - | ৫ | মডিউলের সংখ্যা | বিআরডিবি, সমবায় অধিদপ্তর, বার্ড, আরডিএ |
| **৩. বিদ্যমান আইন ও বিধি-বিধান এর সমস্যা চিহ্নিতকরণ এবং সংস্কার** | | | | | |
| ৩.১. 'কর্মজীবন উন্নয়ন পরিকল্পনা' প্রণয়ন | জুন, ২০১৬ | - | - | গঠিত | পরিকল্পনা শাখা |
| ৩.২ দক্ষতা উন্নয়নের ক্ষেত্র চিহ্নিতকরণ ও প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন | জুন, ২০১৬ | - | - | প্রণীত | পরিকল্পনা শাখা |
| **৪. পুরস্কার প্রদান** | | | | | |
| ৪.১ উত্তম চর্চার জন্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের শুদ্ধাচার পদক প্রদান | জুন, ২০১৬ | - | ২ | পদক/ বছর | প্রশাসন অনুবিভাগ |
| ৪.২ উত্তম চর্চার জন্য সংস্থা পর্যায়ে শুদ্ধাচার পদক প্রদান | জুন, ২০১৬ | - | ২ | পদক/ বছর | দপ্তর/ সংস্থা প্রধান |
| ৪.৩ অংশগ্রহণমূলক সম্পাদিত কর্ম-মূল্যায়ন সূচক হিসেবে শুদ্ধাচার এর অন্তর্ভুক্তি | জুন, ২০১৬ | - | - | অর্ন্তভুক্ত | বিভাগ/ সংস্থা |
| ৪.৪ মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য বৈদেশিক প্রশিক্ষণ | জুন, ২০১৬ | - | ২০ | প্রশিক্ষণার্থী সংখ্যা | মন্ত্রণালয় |
| **৫. সেবার মান উন্নীতকরণ** | | | | | |
| ৫.১ দ্বিতীয় প্রজন্মের সিটিজেন চার্টার প্রবর্তন | জুন, ২০১৬ | - | - | প্রবর্তিত | মন্ত্রণালয়/ সংস্থা |
| ৫.২ ওয়েবসাইট হালনাগাদকরণ | চলমান | প্রতিদিন | প্রতিদিন | হালনাগাদকৃত | মন্ত্রণালয়/ সংস্থা |
| ৫.৩ মন্ত্রণালয়ে ইন্টারনেট সুবিধা প্রদান | জুন, ২০১৬ | সকল ১ম শ্রেণির কর্মকর্তা | সকল ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তা | ইন্টারনেট সুবিধা সম্বলিত পিসির সংখ্যা | আইসিটি শাখা |
| ৫.৪ মন্ত্রণালয়ে ওয়াই-ফাই সুবিধা প্রবর্তন | প্রবর্তিত হয়েছে | - | - | প্রবর্তিত | মন্ত্রণালয় |
| ৫.৫ কর্মজীবন উন্নয়নের লক্ষ্যে | জুন, ২০১৬ | - | ৩০ | প্রশিক্ষণার্থী সংখ্যা | প্রশাসন অনুবিভাগ |

| পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | | অনুমোদনকারী কর্তৃপক্ষঃ নৈতিকতা কমিটি<br>তারিখঃ ০৯/০৩/২০১৫ খ্রিঃ | | | |
|---|---|---|---|---|---|
| কার্যসমূহ | সময়সীমা | সূচক | | | দায়িত্ব |
| | | ডিসেম্বর,২০১৪ পর্যন্ত অর্জন | লক্ষ্য | পরিমাপের একক | |
| কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান | | | | | |
| ৫.৬ দরপত্র/কোটেশন আহবান নোটিশ ওয়েবসাইটে প্রকাশ | মার্চ, ২০১৫ | - | ১০০% | দরপত্র/কোটেশন আহবান নোটিশের শতকরা হার | প্রশাসন অনুবিভাগ |
| ৫.৭ ভিডিও কনফারেন্স সুবিধা প্রবর্তন | জুন, ২০১৬ | - | - | প্রবর্তিত | আইসিটি শাখা |
| ৫.৮ ই-ফাইলিং ব্যবস্থা প্রবর্তন | জুন, ২০১৬ | - | - | প্রবর্তিত | আইসিটি শাখা |
| **৬. স্বচ্ছতা ও জবাবদিহিতা** | | | | | |
| ৬.১ অভিযোগ ব্যবস্থাপনার জন্য ফোকাল পয়েন্ট নির্ধারণ ও জনসাধারণকে অবহিতকরণ | নিয়োগকৃত ও অবহিত | - | - | নিয়োগকৃত ও অবহিত | প্রশাসন অনুবিভাগ |
| ৬.২ দ্রুততম সময়ে অভিযোগ নিষ্পত্তি | জুন, ২০১৬ | - | ২০০ | নিষ্পত্তির সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা |
| ৬.৩ অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য প্রযোজ্য ক্ষেত্রে অভিযোগকারীকে অবহিতকরণ | জুন, ২০১৫ | - | ১০০% | শতকরা হার | মন্ত্রণালয়/ সংশ্লিষ্ট সংস্থা |
| ৬.৪ অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে প্রকাশ এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | প্রতিমাসে | প্রতিমাসের ১০ তারিখে | প্রতিমাসের ১০ তারিখে | নির্ধারিত সময়ে | আইন ও প্রতিষ্ঠান অনুবিভাগ |
| ৬.৫ অভিযোগ নিষ্পত্তির জন্য উপযুক্ত কর্মকর্তাকে প্রণোদনা প্রদান পদ্ধতি প্রবর্তন | জুন, ২০১৬ | - | - | প্রবর্তিত | প্রশাসন অনুবিভাগ |
| **৭. তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম** | | | | | |
| ৭.১ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মনোনয়ন | মনোনীত | - | - | মনোনীত | প্রশাসন অনুবিভাগ |
| ৭.২ মন্ত্রণালয় হতে প্রকাশিত বাৎসরিক দলিল পত্রাদি পুস্তক আকারে মুদ্রণ এবং ওয়েবসাইটে প্রকাশ | জুন, ২০১৬ | - | ১০০% | দলিল পত্রাদির শতকরা হার | প্রশাসন অনুবিভাগ |
| ৭.৩ তথ্য অধিকার আইন অনুযায়ী সক্রিয়ভাবে তথ্য প্রদান নিশ্চিত করা | জুন, ২০১৬ | - | ১০০% | চাহিদার শতকরা হার | প্রশাসন অনুবিভাগ |
| **৮. অভ্যন্তরীণ মূল্যায়ন ও বাজেট বরাদ্দ** | | | | | |
| ৮.১ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ে অভ্যন্তরীণ মূল্যায়ণ পদ্ধতি প্রবর্তন এবং অনুবিভাগ ভিত্তিক মূল্যায়ন সভা | জুন, ২০১৬ | - | ১০ | কমিটি গঠন এবং সভা/ বছর | প্রশাসন অনুবিভাগ এবং অভ্যন্তরীণ মূল্যায়ণ কমিটি |
| ৮.২ অভ্যন্তরীণ মূল্যায়ণ কমিটির সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে আলোচনা | জুন, ২০১৬ | - | ২ | সভা/ বছর | প্রশাসন অনুবিভাগ এবং অভ্যন্তরীণ মূল্যায়ণ কমিটি এবং সচিব |
| ৮.৩ অভ্যন্তরীণ মূল্যায়ণ কমিটির মূল্যায়ণ ও সুপারিশসমূহের সমন্বয়ে বাৎসরিক প্রতিবেদন প্রকাশ | জুন, ২০১৬ | - | - | প্রকাশিত | প্রশাসন অনুবিভাগ |
| ৮.৪ শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বাজেট চাহিদা প্রেরণ | মার্চ, ২০১৫ | - | - | নির্ধারিত সময়ে | প্রশাসন অনুবিভাগ |
| **৯. কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ** | | | | | |
| ৯.১ শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিয়মিত পরিবীক্ষণ | তিন মাস অন্তর | ১ | ৬ | সভা/ বছর | নৈতিকতা কমিটি |